# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৫২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৯০]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সেজদায় বাহুদ্বয় পাঁজর হতে দূরে রাখবে

بَاب يُبْدِي ضَبْعَيْهِ وَيُجَافِي فِي السُّجُودِ

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَالِكٍ ابْنِ بُحَيْنَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا صَلَّى فَرَّجَ بَيْنَ يَدَيْهِ حَتَّى يَبْدُوَ بَيَاضُ إِبْطَيْهِ

বাংলা

২৫২) আব্দুল্লাহ বিন মালেক বিন বুহায়ানাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাললাহু আলাইহি ওয়া সাল্লাম যখন নামায পড়তেন তখন সেজদায় স্বীয় বাহুদ্বয় পাঁজর হতে এমনভাবে আলাদা রাখতেন যাতে তাঁর উভয় বগলের শুভ্রতা দেখা যেত।

টিকাঃ মহিলাগণ পুরুষদের অনুরূপ নামাযের সকল কাজ সম্পন্ন করবে। মহিলাদেরকে সংকোচিত হয়ে রুকূ করা, মাটিতে পূর্ণ শরীর লুটিয়ে সিজদাহ করাসহ ১৯-২০টি পার্থক্যের কথা উল্লেখ করে যে সব বই রচনা করা হয়েছে, তাতে কোন দলীল-প্রমাণ উল্লেখ করা হয়নি। শুধু একটি কারণ দর্শানো হয় এই বলে যে, এটি মহিলার পর্দার সহযোগী। অথচ পর্দার কথা আমাদের অপেক্ষা আল্লাহ ও আল্লাহর রাসূলই বেশী জানেন। তাই নবীর উপদেশ অনুযায়ী মহিলাদেরকে পুরুষদের মতই নামায পড়া উচিত। কারণ আকীদাহ ও এবাদতের বিষয়ে ইজতেহাদ দ্বারা কোন কথা বলার অনুমতি নেই। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ “তোমরা আমাকে যেমনভাবে নামায পড়তে দেখ, ঠিক সেভাবে নামায পড়”। এখানে নারী-পুরুষের মধ্যে কোন পার্থক্য করা হয়নি।

## English

During Prostrations one should show his armpits and separate his forearms from his body

Narrated 'Abdullah bin Malik:

Ibn Buhaina, "When the Prophet (ﷺ) prayed, he used to separate his arms from his body so widely that the whiteness of his armpits was visible."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মালিক ইবনু বুহায়নাহ আসাদিইয়ি (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89550

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন